



রামকৃষ্ণ মিশন আশ্রম, ঢাকী

স্বামী বিবেকানন্দ সরনী

ঢাকী - ৭৪৩৪২৯, উত্তর ২৪ পরগনা

একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতার ১৩৩তম বর্ষপূর্তি ও বিশ্ব ভ্রাতৃত্ব দিবস উপলক্ষে

যুব সম্মেলন - ১১ই সেপ্টেম্বর, ২০২৬

স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতার ১৩৩তম বর্ষপূর্তি উপলক্ষে ঢাকী রামকৃষ্ণ মিশন আশ্রমের উদ্যোগে গত ১১ সেপ্টেম্বর ২০২৬ শুক্রবার একটি যুব সম্মেলনের আয়োজন করা হয়। ঢাকী রামকৃষ্ণ মিশন প্রাথমিক বিদ্যালয় ভবনে অবস্থিত বিবেকানন্দ অডিটোরিয়ামে সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

এই অনুষ্ঠানে ঢাকী উত্তর পল্লী উচ্চ বিদ্যালয়, ঢাকী ষষ্ঠীর লাল মাধব উচ্চ বালিকা বিদ্যালয়, টাউন হাসনাবাদ উচ্চ বিদ্যালয়, হাসনাবাদ নেতাজি বিদ্যাপীঠ উচ্চ বিদ্যালয় এবং ঢাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকা প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়াও যুব পরিষদ (বিবেক সেনা)-এর প্রায় ৫০ জন যুবক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। সব মিলিয়ে প্রায় ৩০০ জন ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও যুবক এই সম্মেলনে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী প্রত্যেককে একটি করে ফোল্ডার দেওয়া হয় যার মধ্যে একটি পেন, একটি লেখার প্যাড এবং ‘স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতামালা’ বইটি ছিল।

অনুষ্ঠানের শুরুতে অংশগ্রহণকারীদের নাম নথিভুক্ত করা হয়। এরপর প্রদীপ প্রজ্জ্বলন এবং স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করা হয়। বৈদিক মন্ত্রপাঠ, ভক্তিগীতি ও দেশাত্মবোধক গান, আবৃত্তি এবং ছাত্রছাত্রীদের বক্তব্য ছিল অনুষ্ঠানের প্রধান আকর্ষণ। ছাত্রছাত্রীরা স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতা, ব্যক্তিত্ববিকাশ, শিক্ষার বিষয়ে তাঁর ভাবনা ও আদর্শ নিয়ে নিজেদের বক্তব্য তুলে ধরে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন পরমপুজনীয় শ্রীমৎ স্বামী পরিশুদ্ধানন্দজি মহারাজ, সম্পাদক, রামকৃষ্ণ মিশন আশ্রম, ঢাকী।

এই অনুষ্ঠানে বিশিষ্ট বক্তা হিসেবে উপস্থিত ছিলেন পুজনীয় শ্রীমৎ স্বামী বেদাতীতানন্দজি মহারাজ, অধ্যক্ষ, রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির, বেলুড় মঠ, হাওড়া; পুজনীয় শ্রীমৎ স্বামী বেদানুরাগানন্দজি মহারাজ, উপাধ্যক্ষ ও পরীক্ষা নিয়ন্ত্রক, রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শতবার্ষিকী কলেজ, রহড়া; এবং শ্রী অরুণ ঘোষ, বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও বর্তমানে আশ্রম ম্যানেজিং কমিটির সদস্য। দুজন পুজনীয় অতিথি মহারাজ তাঁদের মূল্যবান বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের গুরুত্ব আরও বাড়িয়ে দেন।

অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক পুজনীয় শ্রীমৎ স্বামী পূর্ণময়ানন্দজি মহারাজ। এরপর সমাপ্তি সংগীতের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি হয়। অনুষ্ঠান শেষে সকল অংশগ্রহণকারীর হাতে টিফিনের প্যাকেট তুলে দেওয়া হয়।

স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতা এবং বিশ্ববাসীর উদ্দেশে তাঁর ঐক্য, ভ্রাতৃত্ব ও সম্প্রীতির বার্তা শুনে অংশগ্রহণকারী যুবক-যুবতীরা বিশেষভাবে অনুপ্রাণিত ও সমৃদ্ধ হয়। একই সঙ্গে দেশের প্রতি স্বামী বিবেকানন্দের গভীর ভালোবাসার কথাও তাঁদের মনে নতুন করে দেশপ্রেমের ভাব জাগিয়ে তোলে।

অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীদের মধ্যে গভীর তৃপ্তি ও উৎসাহ লক্ষ্য করা যায়। তাঁদের মুখের অভিব্যক্তি ও আনন্দের মধ্যেই এই সম্মেলনের সার্থকতা স্পষ্ট হয়ে ওঠে।